

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা
www.sid.gov.bd

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প কর্তৃক প্রণীত কৃষি নমুনা শুমারি ২০১৯-এর ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-১) অনুমোদনের লক্ষ্যে অনুষ্ঠিত যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)
সময় ও তারিখ : ১৪ নভেম্বর ২০২২ খ্রি., মঙ্গলবার, ২টা
স্থান : সম্মেলনকক্ষ, ব্লক-বি
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তাঁর অনুমতিক্রমে উপসচিব ওয়াহিদা সুলতানা সভা আহ্বানের কারণ ও সভার বিষয়বস্তু সভাকে অবহিত করেন। তিনি খসড়া রিপোর্ট ও সংশ্লিষ্ট বিষয়ে সংক্ষিপ্ত উপস্থাপনের জন্য জনাব আলাউদ্দিন আল আজাদ, প্রকল্প পরিচালক, বিবিএসকে অনুরোধ করেন।

২। জনাব আজাদ বলেন, কৃষি নমুনা শুমারি ২০১৯-এর ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-১)-এর কৃষিখাত বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কৃষি নমুনা শুমারি ২০১৯-এর মূল উদ্দেশ্য কৃষি শুমারি সম্পাদনের জন্য বৃহৎ পরিসরে একটি পর্যায়ক্রমিক পরিসংখ্যানিক কার্যক্রম পরিচালনা করা, যার ভিত্তিতে স্বল্পতম সময়ের মধ্যে ব্যবহারকারীদের জন্য একটি প্রতিবেদন প্রস্তুত করা সম্ভব হয়। এছাড়া দরিদ্র, ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের (শস্য, মৎস্য, প্রাণিসম্পদ এবং হাঁস-মুরগি) ভাগ্যে উন্নয়নে এবং সর্বোপরি পল্লি-উন্নয়নে প্রয়োজনীয় সরকারি নীতি এবং কর্মসূচি প্রণয়নে সহায়তা করা। তিনি আরও বলেন, কৃষি নমুনা শুমারি ২০১৯-এর রিপোর্টটি ইতোমধ্যে বিবিএস-এর এডিটরস ফোরাম ও প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে।

৩। এপর্যয়ে কমিটির সদস্যসচিব ও উপসচিব ওয়াহিদা সুলতানা বলেন, খসড়া প্রতিবেদনের বিভিন্ন অংশ যাচাই-বাছাইপূর্বক কমিটিতে উপস্থাপনের জন্য কমিটির সদস্যদের নিকট অংশ বিশেষ ইতঃপূর্বে প্রেরণ করা হয়েছিল। সভাপতি উপস্থাপিত প্রতিবেদনের উপর প্রদত্ত অংশে উপস্থিত সম্মানিত সদস্যগণের মতামত আহ্বান করেন। তাঁর অনুমতিক্রমে কমিটির সদস্যগণ প্রতিবেদন যাচাই-বাছাইপূর্বক যেসকল ত্রুটি/বিচ্যুতি পেয়েছেন সেগুলো পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

৪। সভায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প কর্তৃক প্রণীত কৃষি নমুনা শুমারি ২০১৯-এর ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-১)-এর যাচিত অংশের উপর কমিটির সদস্যগণ পর্যায়ক্রমে মতামত প্রদান করেন। এছাড়া কতিপয় ক্ষেত্রে বানানে ভুল ও বাক্যবিন্যাসে অসঙ্গতি, টেবিল, চার্ট/গ্রাফ বিষয়ে বেশ কিছু অসঙ্গতি তুলে ধরেন।

৫। সভাপতি বলেন, প্রেরিত রিপোর্টটিতে কমিটির সদস্যগণ কর্তৃক যেসব ভুল-ত্রুটি ও বাক্যবিন্যাসে অসঙ্গতি প্রদর্শিত/চিহ্নিত হয়েছে এবং অনুরূপ আরো যদি থাকে সেগুলো সংশোধনপূর্বক এ বিভাগে পুনঃ প্রেরণ করতে হবে।

৬। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) কমিটির সদস্যগণ কর্তৃক যেসব ভুল-ত্রুটি ও বাক্যবিন্যাসে অসঙ্গতি প্রদর্শিত/চিহ্নিত হয়েছে সেগুলো সংশোধন করে রিপোর্টের অন্তর্ভুক্ত অন্য যে সকল বিষয়ে সংশোধনের জন্য মতামতও দেয়া হয়েছে তা যথাযথভাবে সংশোধন করতে হবে।

(খ) সংশোধনান্তে এটি অনুমোদনের জন্য পুনরায় দাখিল করতে হবে।

৭। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব
পরিচিতি নং ৪৫৪১ (প্রশাসন)

ও
সভাপতি
প্রতিবেদন যাচাই-বাছাই কমিটি